রেজিস্ট্রারের কার্যালয়
**বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল**
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশাঃ/২০২৩- **৭৩৮** তারিখঃ ১৮ জুলাই ২০২৩ খ্রিঃ

প্রাপকঃ

চেয়ারম্যান/পরিচালক/অধ্যক্ষ
নীলফামারী ডায়াবেটিক সমিতি নার্সিং ইনস্টিটিউট
পালবাড়ী, ডোমার সড়ক, নীলফামারী।

বিষয়ঃ **২০২২-২৩ শিক্ষাবর্ষ হতে ভর্তি বন্ধসহ মন্ত্রণালয় ও কাউন্সিলের অনুমতি ব্যতিত প্রতিষ্ঠান স্থানান্তরের কারণ দর্শানো প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রণালয়ে স্মারক নং ৫৯.০০.০০০০.১৪৩.০৬.০৪.২০ (অংশ)-১৭৫, তারিখঃ ১২-০৭-২০২৩ খ্রিঃ
স্মারক নং-বিএনএমসি/পরিদর্শন/২০২৩-৬৩৬, তারিখ-০১ জুন ২০২৩ খ্রিঃ
স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৩)/২০২৩-৬৬৬ তারিখঃ ১৮ জুন ২০২৩ খ্রিঃ

জনাব

নীলফামারী ডায়াবেটিক সমিতি নার্সিং ইনস্টিটিউট , পালবাড়ী, ডোমার সড়ক , নীলফামারী ২০২০-২১ শিক্ষাবর্ষ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) টি আসন বরাদ্দ পূর্বক সাময়িক অনুমোদন পায়। বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের পরিদর্শন কমিটি কর্তৃক বিগত ০৩ জুন ২০২৩ খ্রিঃ তারিখে সরেজমিনে পরিদর্শনেকালে প্রতিষ্ঠানটির অনুমোদিত ঠিকানায় (পালবাড়ী, ডোমার সড়ক) একাডেমিক কার্যক্রম পাওয়া যায়নি মর্মে প্রতিবেদন দাখিল করেন।

২। বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির ২০২৩ সালের ৬ষ্ঠ সভায় সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয় ও কাউন্সিলের অনুমতি ব্যতিত প্রতিষ্ঠান স্থানান্তরের জন্য ডায়াবেটিক সমিতি নার্সিং ইনস্টিটিউট, পালবাড়ী, ডোমার সড়ক, নীলফামারী-কে ২০২২-২৩ শিক্ষাবর্ষ হতে ভর্তি কার্যক্রম বন্ধসহ কেন প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হবে না মর্মে কারণ দর্শানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে আগামী ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর জবাব প্রেরণের অনুরোধ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

18/07/2023
রাশিদা আক্তার
রেজিস্ট্রার (অতিঃ দাঃ) এবং
সদস্য-সচিব, নির্বাহী কমিটি
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব , স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (দৃঃআঃ সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাক।
৪. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৭. সিভিল সার্জন, ..........................................................
৮. প্যানেল আইনজীবী, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৯. সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১০. প্রশাসনিক কর্মকর্তা/হিসাবরক্ষক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল ।
১১. জনাব/জনাবা............................................................
১২. অফিস কপি।